# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮৭০

২৮/ দোয়া (كتاب الدعاء)

পরিচ্ছেদঃ ২৮/১৪. কেউ সকাল ও সন্ধ্যায় উপনীত হয়ে যে দোয়া পড়বে

بَاب مَا يَدْعُو بِهِ الرَّجُلُ إِذَا أَصْبَحَ وَإِذَا أَمْسَى

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بِشْرٍ، حَدَّثَنَا مِسْعَرٌ، حَدَّثَنَا أَبُو عَقِيلٍ، عَنْ سَابِقٍ، عَنْ أَبِي سَلاَّمٍ، خَادِمِ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ عَنِ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " مَا مِنْ مُسْلِمٍ أَوْ إِنْسَانٍ أَوْ عَبْدٍ يَقُولُ حِينَ يُمْسِي وَحِينَ يُصْبِحُ رَضِيتُ بِاللَّهِ رَبًّا وَبِالإِسْلاَمِ دِينًا وَبِمُحَمَّدٍ نَبِيًّا ـ إِلاَّ كَانَ حَقًّا عَلَى اللَّهِ أَنْ يُرْضِيَهُ يَوْمَ الْقِيَامَةِ " .

বাংলা

৪/৩৮৭০। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর খাদেম আবূ সাল্লাম (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কোন মুসলিম বা কোন মানুষ বা কোন বান্দা সন্ধ্যায় ও সকালে উপনীত হয়ে ’’আল্লাহ আমার প্রভু, ইসলাম আমার দীন এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার রাসূল হওয়ায় আমি সর্বান্তঃকরণে সন্তুষ্ট আছি ’’ এ কথা বললে, কিয়ামতের দিন তার উপর সন্তুষ্ট হওয়া আল্লাহর কর্তব্য হয়ে যায়।

## English

It was narrated from Abu Salam, the servant of the Prophet (saas), that : the Prophet (saas) said: "There is no Muslim - or no person, or slave (of Allah) - who says, in the morning and evening: 'Radaytu billahi Rabban wa bil-Islami dinan wa bi Muhammadin nabiyyan (I am content with Allah as my Lord, Islam as my religion and Muhammad as my Prophet),' but he will have a promise from Allah to make him pleased on the Day of Resurrection."

ফুটনোট

আবূ দাউদ ৫০৭২, আত-তালীকুর রাগীব ১/১২৮, ২২৯, যইফাহ ২০৫০। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত

হাদিসের রাবী সাবিক সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাকবুল। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। তার থেকে হাশিম বিন বিলাল এককভাবে হাদিস বর্ণনা করেছেন। ইবনু হিব্বান ব্যাতিত তাকে কেউ সিকাহ বলেনি। (তাহযীবুল কামালঃ রাবী নং ২১৪০, ১০/১২৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44835

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন